
## ইনজেকশন

এটি মহিলাদের জন্য ক্লিনিক্যাল ও অস্থায়ী দীর্ঘমেয়াদী পদ্ধতি। বাংলাদেশে ডিপোপ্রভেরা ইনজেকশন ব্যবহার করা হচ্ছে। ডিপোপ্রভেরা প্রতি ৩ মাস পরপর নিতে হয়।



### ইনজেকশন কখন নিতে হয়

- একটি জীবিত সন্তান থাকলে।
- মাসিক শুরু হওয়ার প্রথম দিন থেকে ৭ দিনের মধ্যে
- বাচ্চাকে বুকের দুধ খাওয়ালে ৬ সপ্তাহ পর আর বুকের দুধ না খাওয়ালে ৪ সপ্তাহ পর ইনজেকশন নেয়া যায়।
- গর্ভপাতের সঙ্গে সঙ্গে অথবা দু-সপ্তাহের মধ্যে

### ইনজেকশনের সুবিধাসমূহ

- নিরাপদ, কার্যকর এবং সহজলভ্য
- শিশুকে বুকের দুধ খাওয়ালেও নেয়া যায়
- এটির ব্যবহার বুকের দুধ কমায় না
- প্রতিদিন পদ্ধতি ব্যবহারের ঝামেলা নেই।

### ইনজেকশনের অসুবিধাসমূহ

- কেবলমাত্র প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী দ্বারা সময়সূচি অনুযায়ী নিতে হয়

- মাসিকের পরিবর্তন দেখা দেয়। অনিয়মিত রক্তস্রাব, ফোঁটা ফোঁটা রক্তস্রাব, মাসিক বন্ধ থাকা এবং কোনো কোনো ক্ষেত্রে রক্তস্রাব বেশি হতে পারে
- ওজন বেড়ে যেতে পারে।